তারে দেখাতে পারি নে কেন প্রাণ   খুলে গো ।
বুঝাতে পারি নে হৃদয়বেদনা ॥
কেমনে সে হেসে চলে যায়,   কোন্ প্রাণে ফিরেও না চায়—
এত সাধ এত প্রেম করে অপমান ॥
এত   ব্যথাভরা ভালোবাসা কেহ দেখে না,   প্রাণে গোপনে রহিল ।
এ প্রেম কুসুম যদি হ'ত   প্রাণ হতে ছিঁড়ে লইতাম,
তার   চরণে করিতাম দান ।
বুঝি সে তুলে নিত না, শুকাতো অনাদরে,   তবু তার সংশয় হ'ত অবসান ॥

---

Parjaay: Prem / Mayar-Khela, Taal: Jhaptaal, Raag: Desh
Visit www.geetabitan.com for notation and other detail